# হাঁটু বা নিতম্ব প্রতিস্থাপনের জন্য অ্যানেস্থেটিক নির্বাচন

এই লিফলেটটিতে আপনার হাঁটু বা নিতম্বের হাড় প্রতিস্থাপনের অপারেশনের জন্য বিভিন্ন ধরনের অ্যানেস্থেটিক বাছাইয়ের ব্যাপারে ব্যাখ্যা করা হয়েছে। এটি অ্যানেস্থেটিস্ট, রোগী এবং তাদের প্রতিনিধিরা মিলিতভাবে রচনা করেছেন।

## বিষয়বস্তু

এই লিফলেটে যা কিছু ব্যাখ্যা করা হয়েছে :

- হাঁটু ও নিতম্ব প্রতিস্থাপনের জন্য বিভিন্ন ধরনের অ্যানেস্থেটিক
- সার্জারির আগে কী হবে
- আপনার অ্যানেস্থেটিস্টের সাথে কীভাবে ঝুঁকি ও বিকল্পগুলো নিয়ে আলোচনা করবেন
- সার্জারির জন্য কীভাবে প্রস্তুতি নেবেন
- অপারেশনের দিনে কী হবে
- অপারেশনের পরে কী হবে।

## হাঁটু বা নিতম্ব প্রতিস্থাপনের জন্য অ্যানেস্থেটিক নির্বাচন

নিতম্ব বা হাঁটু প্রতিস্থাপনের সময় মূলত দুটি ভিন্ন ধরনের অ্যানেস্থেটিক ব্যবহার করা হতে পারে :

- স্পাইনাল অ্যানেস্থেটিক
- জেনারেল অ্যানেস্থেটিক।

আপনার অস্বস্তি কমাতে এবং পুরো অভিজ্ঞতা আরও আরামদায়ক করতে আপনি অন্যান্য পদ্ধতিও গ্রহণ করতে পারেন। এগুলো হলো :

- নার্ভ ব্লক
- জয়েন্ট (অস্থিসন্ধি) এবং ক্ষতের আশেপাশে লোকাল অ্যানেস্থেটিক ইনফিলট্রেশন (ইনজেকশন)
- সিডেশন বা ঘুমের ওষুধ

### স্পাইনাল অ্যানেস্থেটিক

এক্ষেত্রে, আপনার পিঠের নিচের অংশে (আপনার মেরুদণ্ডের হাড়গুলোর মাঝে) ইনজেকশনের মাধ্যমে অ্যানেস্থেটিক দেওয়া হয়। এর ফলে, অপারেশনের সময় আপনার শরীরের নিচের অংশ অসাড় হয়ে যাবে এবং আপনি নিজের পা নাড়াতে পারবেন না। স্পাইনাল অ্যানেস্থেটিকের সময় আপনি জেগে থাকতে পারবেন।

**স্পাইনাল অ্যানেস্থেসিয়া** সম্পর্কে আরও জানতে বিভিন্ন ভাষায় আমাদের লিফলেট পড়তে ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

### জেনারেল অ্যানেস্থেটিক

জেনারেল অ্যানেস্থেসিয়া হলো এমন একটি ওষুধ যা আপনাকে গভীর ঘুমের অবস্থায় নিয়ে যায়। কিছু অপারেশন ও চিকিৎসার জন্য এটি আবশ্যিক। আপনি অচেতন থাকবেন এবং কিছু অনুভব করবেন না। জেনারেল অ্যানেস্থেটিক ওষুধগুলো সাধারণত শিরায় বা গ্যাস হিসাবে শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে অথবা উভয়ের সংমিশ্রণে দেওয়া হয়।

### নার্ভ ব্লক (ব্যথা কমানো বা আটকানোর জন্য স্নায়ুতে অনুভূতিনাশক ওষুধ)

এটি হলো পায়ের স্নায়ুর কাছাকাছি দেওয়া একটি লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশন। স্নায়ু শনাক্ত করতে আপনার অ্যানেস্থেটিস্ট আল্‌ট্রাসাউন্ড মেশিনের সাহায্য নিতে পারেন। কয়েক ঘণ্টার জন্য আপনার পায়ের কিছু অংশ অসাড় ও ব্যথামুক্ত থাকবে, এর ফলে অপারেশনের পরে শক্তিশালী ব্যথানাশক ওষুধের প্রয়োজনীয়তা কম হয়। লোকাল অ্যানেস্থেটিকের প্রভাব কেটে যাওয়া পর্যন্ত আপনি আপনার পা নাড়াতে সক্ষম না-ও হতে পারেন; ব্যবহৃত নার্ভ ব্লকের ধরনের ওপর এটি নির্ভর করবে।

শুধুমাত্র নার্ভ ব্লকের সাহায্যে অপারেশন করা যাবে না। এর সাথে একটি স্পাইনাল অথবা একটি জেনারেল অ্যানেস্থেটিকের প্রয়োজন হবে। **নার্ভ ব্লক** সম্পর্কে আরও জানতে বিভিন্ন ভাষায় আমাদের লিফলেট পড়তে ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

## উন্ড ইনফিলট্রেশন (ক্ষতে ইনজেকশন)

এটি লোকাল অ্যানেস্থেটিক বা অন্য ধরনের ব্যথানাশক ওষুধের ইনজেকশন, যা অপারেশন হওয়া জয়েন্টের আশেপাশে প্রয়োগ করা হয়। অপারেশনের সময় সার্জন এটি প্রয়োগ করেন। অপারেশনের পর ব্যথা কমানোর জন্য এটি স্পাইনাল বা জেনারেল অ্যানেস্থেটিকের সাথে দেওয়া হতে পারে। প্রয়োজনে আরও ওষুধ দেওয়ার জন্য অনেকসময় আপনার জয়েন্টে একটি প্লাস্টিকের নল লাগিয়ে রাখা হতে পারে।

এটি পায়ের পেশীর শক্তি না কমিয়ে ব্যথা উপশমে সাহায্য করে। ব্যথা উপশম একেক রোগীর ক্ষেত্রে একেকরকম হয়, তবে নার্ভ ব্লক নেওয়ার তুলনায় আপনি আরও দ্রুত উঠে দাঁড়াতে পারবেন।

## সিডেশন বা ঘুমের ওষুধ

অপারেশনের সময় আরামদায়ক এবং ঘুমের অনুভূতির জন্য স্পাইনাল অ্যানেস্থেসিয়ার সাথে প্রায়ই সিডেশন ব্যবহার করা হয়। সিডেশন হালকা বা গভীর হতে পারে; এটি নেওয়ার ফলে আপনার অল্প কিছু বা সবকিছুই মনে থাকতে পারে, অথবা হয়তো একেবারেই কোনোকিছু মনে থাকবে না।

আমাদের **সিডেশনের ব্যাখ্যা** লিফলেটে সিডেশন সম্পর্কে আরও জানতে পারবেন, এটি বিভিন্ন ভাষায় এই লিংকে পাওয়া যাবে : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

# আপনার জন্য কোনটি সর্বোত্তম সে ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া

## অ্যানেস্থেটিস্ট আপনার সাথে বিভিন্ন পছন্দ নিয়ে, এবং আপনার ঝুঁকি, স্বাস্থ্য এবং আপনার অপারেশনের ধরনের ভিত্তিতে আপনার জন্য সর্বোত্তম পন্থা নিয়ে আলোচনা করবেন।

## সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ ব্যাখ্যা করার জন্য সেন্টার ফর পেরিঅপারেটিভ কেয়ার একটি অ্যানিমেশন তৈরি করেছে। এটি এখানে দেখা যাবে : www.cpoc.org.uk/shared-decision-making

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করে যে রোগীরা নিজেদের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে সমর্থন পাচ্ছেন। এটি একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যার মাধ্যমে একজন চিকিৎসক রোগীকে নিজের চিকিৎসার বিষয়ে সিদ্ধান্তে নিতে সহায়তা করেন।

এই কথোপকথনের মধ্যে থাকে :

- চিকিৎসকের দক্ষতা যেমন বিকল্প চিকিৎসা, প্রমাণ, ঝুঁকি এবং সুবিধাসমূহ
- রোগী যা ভালো জানেন : নিজের পছন্দ, ব্যক্তিগত পরিস্থিতি, লক্ষ্য, মূল্যবোধ এবং বিশ্বাস।

আরও জানতে ভিজিট করুন :
www.england.nhs.uk/personalisedcare/shared-decision-making

কিছু সংস্থান ব্যবহার করে আপনি আপনার অ্যানেস্থেটিস্ট বা প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট কর্মীর সাথে আলোচনার সময়টুকুর সর্বোত্তম ব্যবহার করতে পারেন।

### চুজিং ওয়াইজলি ইউকে বিআরএএন ফ্রেমওয়ার্ক

চিকিৎসা সম্পর্কিত কী কী প্রশ্ন জিজ্ঞাসা করবেন মনে রাখতে এটি ব্যবহার করুন।
https://bit.ly/CWUK_leaflet

### এনএইচএস আস্ক থ্রি কোয়েশ্চেন্স

আপনার চিকিৎসার ব্যাপারে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হতে পারে।
https://bit.ly/NHS_A3Qs

### দি সেন্টার ফর পেরিঅপারেটিভ কেয়ার (সিপিওসি)

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ ব্যাখ্যা করার জন্য সিপিওসি একটি অ্যানিমেশন তৈরি করেছে।
www.cpoc.org.uk/shared-decision-making

# আপনি যেসব প্রশ্ন করতে চাইতে পারেন

অ্যানেস্থেটিক নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে সেগুলো লিখে রাখুন (নিচের উদাহরণগুলো ব্যবহার করতে পারেন এবং কোনও প্রশ্ন থাকলে নিচে যোগ করতে পারেন)। আপনি যদি অপারেশনের দিনের আগে অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলতে চান তাহলে প্রি-অপারেটিভ অ্যাসেসমেন্ট টিমের সাথে যোগাযোগ করুন, তারা ফোনে অ্যানেস্থেটিস্টের সাথে আপনাকে কথা বলিয়ে দিতে পারেন অথবা ক্লিনিকে দেখা করানোর ব্যবস্থা করতে পারেন।

**1. আমার জন্য কোন ধরনের অ্যানেস্থেটিক সর্বোত্তম হবে এবং কেন?**

**2. আমার কি বিশেষ কোনও ঝুঁকি আছে?**

**3. অপারেশনের আগে আমার স্বাস্থ্যের উন্নতির জন্য আমি কী করতে পারি?**

# অ্যানেস্থেসিয়া সম্পর্কিত ঝুঁকিসমূহ

আধুনিক অ্যানেস্থেটিকগুলো অত্যন্ত নিরাপদ। অ্যানেস্থেটিক ওষুধ ও সরঞ্জাম ব্যবহারের কিছু সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে, তবে এগুলো সাধারণত গুরুতর বা দীর্ঘস্থায়ী হয় না। প্রত্যেকের ঝুঁকি ভিন্ন হয়, যা অপারেশনের ধরন এবং অ্যানেস্থেসিয়ার জন্য ব্যবহৃত কৌশলের ওপর নির্ভর করে।

আপনার ক্ষেত্রে কোনও ঝুঁকির পরিমাণ বেশি বলে মনে করলে তা নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন। শুধুমাত্র প্রাসঙ্গিক হলেই তিনি স্বল্প মাত্রার সাধারণ ঝুঁকিগুলো নিয়ে আলোচনা করবেন।

অ্যানেস্থেসিয়ার সাথে সম্পর্কিত ঝুঁকিগুলো সম্পর্কে আমাদের ওয়েবসাইটে বিভিন্ন ভাষায় আরও তথ্য পাওয়া যাবে : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

# অপারেশনের আগে

## প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক

আপনার শরীরের অবস্থা এবং আপনি শারীরিকভাবে কতটা সক্রিয় বোঝার জন্য বেশিরভাগ হাসপাতাল আপনাকে একটি প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে যেতে অনুরোধ করবে।

আপনি যেসব ওষুধ খাচ্ছেন তার একটি তালিকা অথবা মূল প্যাকেটসহ সকল ওষুধ নিয়ে আসুন।

আপনাকে আপনার সাধারণ স্বাস্থ্য ও কার্যকলাপ, এবং আপনার পূর্বের অসুস্থতা, অপারেশন এবং অ্যানেস্থেটিক সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। এছাড়াও, আপনার কোনও অ্যালার্জি আছে কি না জানতে চাওয়া হবে।

স্বাস্থ্যকর্মীরা অপারেশনের জন্য আপনার স্বাস্থ্য পরীক্ষা করে আপনার কী কী পরীক্ষা করাতে হবে তা ঠিক করবেন, যেমন রক্ত পরীক্ষা অথবা আপনার হৃৎপিণ্ডের কার্যকারিতা পরীক্ষার জন্য ইলেক্ট্রোকার্ডিওগ্রাম (ইসিজি)। রক্ত পরীক্ষায় আপনার রক্তে আয়রনের পরিমাণ যাচাই করা হতে পারে এবং প্রয়োজন হলে আয়রন সাপ্লিমেন্ট গ্রহণের পরামর্শ দেওয়া হতে পারে। এটি অপারেশনের সময় রক্ত পরিসঞ্চালনের প্রয়োজনীয়তা কমাতে সাহায্য করবে।

স্বাস্থ্যকর্মীরা আপনার অপারেশনের জন্য বিভিন্ন ধরনের অ্যানেস্থেটিকের ব্যাপারেও কথা বলতে পারেন। আপনার স্বাস্থ্য সম্পর্কে বিস্তারিত আলাপ করতে এবং অ্যানেস্থেটিক পছন্দের বিষয়ে কথা বলতে আপনার সাথে একজন অ্যানেস্থেটিস্টেরও সাক্ষাৎ হতে পারে। আপনার সুনির্দিষ্ট অসুস্থতা থাকলে তিনি আপনাকে একটি নির্দিষ্ট অ্যানেস্থেটিকের ব্যাপারে সুপারিশ করবেন।

আপনার জটিল কোনও শারীরিক সমস্যা অথবা জয়েন্টের বাইরের সমস্যার কারণে চলাফেরা সীমিত থাকলে আপনি অ্যানেস্থেসিয়া এবং/অথবা সার্জারির কারণে উচ্চ ঝুঁকিতে থাকতে পারেন। আপনি আরও

সময় নিয়ে আপনার আদৌ অপারেশন করানো উচিত কি না ভেবে দেখতে পারেন এবং আপনার পরিবার বা পরিচর্যাকারীদের সাথে আলোচনা করতে পারেন।

# অপারেশনের জন্য প্রস্তুতি

## শারীরিকভাবে সুস্থ রোগী যারা তাদের স্বাস্থ্য ও জীবনযাত্রার উন্নতি করতে সক্ষম, তারা সার্জারির পর আরও দ্রুত ও অধিক জটিলতা ছাড়াই সুস্থ হয়ে ওঠেন।

অপারেশনের প্রস্তুতি নিতে আপনি নিজের জন্য অনেক কিছুই করতে পারেন। ক্ষুদ্র পরিবর্তনও বড় একটি পার্থক্য গড়ে দিতে পারে। শারীরিক কার্যকলাপের মাত্রা বাড়ালে এবং খাদ্যাভ্যাস উন্নত করলে উপকার হতে পারে। আপনি মদ্যপান বা ধূমপান করে থাকলে সেগুলো কমিয়ে ফেলতে হবে অথবা বন্ধ করার কথা বিবেচনা করতে হবে।

দীর্ঘমেয়াদি স্বাস্থ্য সমস্যা থাকলে আপনার জিপি সার্জারির সাথে কথা বলুন এবং সার্জারির আগে এই ব্যাপারে কিছু করা যায় কি না আলোচনা করুন।

আমাদের **ফিটার বেটার সুনার** রিসোর্সগুলোতে অপারেশনের জন্য শারীরিকভাবে আরও সুস্থ-সবল এবং প্রস্তুত হওয়ার পরামর্শ পাওয়া যাবে। বিভিন্ন ভাষায় আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

### প্রিহ্যাবিলিটেশন প্রোগ্রাম (অপারেশনের জন্য প্রস্তুত হওয়ার কর্মসূচি)

আপনার হাঁটু বা নিতম্বের সার্জারির পরিকল্পনা থাকলে আপনার হাসপাতাল থেকে আপনাকে কিছু কাজ করতে বলা হতে পারে যাতে আপনি অপারেশনের জন্য শারীরিকভাবে আরও সবল হয়ে ওঠেন, আপনার সুস্থতা তরান্বিত হয়, এবং আপনি যাতে দ্রুত হাসপাতাল ছাড়তে পারেন। নিচে প্রিহ্যাবিলিটেশন প্রোগ্রামের কিছু উদাহরণ দেওয়া হয়েছে। এই কর্মসূচিগুলো আপনার হাসপাতালে চালু আছে কি না তা আপনার সার্জন কিংবা প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট টিমের কাছ থেকে জেনে নিন।

### হিপ অ্যান্ড নী (জয়েন্ট) স্কুল

অনেক হাসপাতালে তথ্যমূলক সেশনের আয়োজন করা হয় যাতে আপনি সার্জারির আগেই যোগ দিতে পারবেন। এগুলো "জয়েন্ট স্কুল" নামে পরিচিত। এগুলোর উদ্দেশ্য হলো হাসপাতালে ভর্তি থেকে শুরু করে বাড়িতে সুস্থ হয়ে ওঠা পর্যন্ত রোগীদেরকে সার্জারির বিভিন্ন পর্যায় সম্পর্কে ধারণা দেওয়া। সার্জারি এবং অ্যানেস্থেটিক সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনি সেখানে জিজ্ঞাসা করতে পারেন।

### দ্রুত আরোগ্যলাভের কর্মসূচি (এনহ্যান্সড রিকভারি প্রোগ্রাম)

দ্রুত আরোগ্যলাভ (এনহ্যান্সড রিকভারি) হলো এমন একটি কর্মসূচির নাম যার লক্ষ্য হলো একটি বড় অপারেশনের পর যত দ্রুত সম্ভব আপনাকে আপনার স্বাভাবিক স্বাস্থ্যে ফিরিয়ে আনা। দ্রুত সেরে ওঠার জন্য আপনার সর্বোচ্চ মানের সেবা নিশ্চিত করতে হাসপাতালের কর্মীরা আপনার অপারেশনের পূর্বে, অপারেশন চলাকালীন এবং তার পরবর্তীতে আপনার ও তাদের করণীয় বুঝতে সবকিছু খতিয়ে দেখবেন।

আপনার কোন অপারেশন হচ্ছে এবং কোন হাসপাতালে চিকিৎসা করা হচ্ছে তার ভিত্তিতে কর্মসূচিগুলো পরিবর্তিত হয়, তবে এতে যা কিছু অন্তর্ভুক্ত থাকতে পারে :

- অপারেশনের আগে পর্যাপ্ত সময় থাকলে আপনার ফিটনেস উন্নত করা

অ্যানেস্থেটিক নিতে পারবেন এবং সেটির সুবিধা, ঝুঁকি ও আপনার পছন্দ নিয়ে তিনি আপনার সাথে বিস্তারিত আলোচনা করবেন, এবং আপনারা মিলিতভাবে আপনার জন্য সর্বোত্তম অ্যানেস্থেটিক ঠিক করবেন। আপনার সাথে অন্যান্য উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীদের সাথেও সাক্ষাৎ হতে পারে। তাদের ভূমিকা এবং অ্যানেস্থেসিয়া দল সম্পর্কে আরও জানতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/anaesthesia-team

## প্রি-মেড নেওয়া (প্রিমেডিকেশন বা অ্যানেস্থেটিকের পূর্বে দেওয়া ওষুধ)

কিছু অ্যানেস্থেটিক প্রয়োগের আগে প্রি-মেড দেওয়া হয়। প্রি-মেড আপনার শরীরকে সার্জারির জন্য প্রস্তুত করে তোলে – এগুলো ব্যথা উপশম করা শুরু করতে, পাকস্থলীতে অ্যাসিডের পরিমাণ কমাতে অথবা আপনাকে চিন্তামুক্ত রাখতে সহায়তা করতে পারে।

## আপনাকে যখন অপারেশনের জন্য ডাকা হবে

- একজন কর্মী আপনার সাথে অপারেশন থিয়েটারে যাবেন।
- সাধারণত যে রুমে অ্যানেস্থেটিক দেওয়া হবে সেখানে প্রবেশ করার আগ পর্যন্ত আপনি চশমা, কন্টাক্ট লেন্স, হিয়ারিং এইড, ডেনচার (নকল দাঁত) পরে থাকতে পারবেন। জেনারেল অ্যানেস্থেটিক দেওয়া না হলে আপনি সেগুলো সম্ভবত পুরোটা সময়ই পরে থাকতে পারবেন।
- লোকাল বা স্পাইনালের মতো রিজিওনাল অ্যানেস্থেটিকের ক্ষেত্রে আপনাকে গান শোনার জন্য হেডফোনসহ আপনার ইলেকট্রনিক ডিভাইস সাথে রাখতে দেওয়া হতে পারে (আপনার নার্সকে আগেই জিজ্ঞাসা করে নিন)।
- আপনি একজন কর্মীর সাথে পায়ে হেঁটে অপারেশন থিয়েটারে যেতে পারেন, অথবা আপনাকে হুইলচেয়ার বা বেড বা ট্রলিতে করে নিয়ে যাওয়া হতে পারে। হেঁটে গেলে আপনি হয়ত নিজের ড্রেসিং গাউন এবং চটি পরে থাকতে পারবেন।

অপারেশন থিয়েটারে পৌঁছানোর পরে ও অ্যানেস্থেসিয়া শুরু করার আগে কিছু নিয়মমাফিক পরীক্ষা করা হবে। আপনার নাম, জন্ম তারিখ, কী অপারেশন করা হবে, শরীরের কোন অংশে অপারেশন করা হবে, আপনি শেষ কবে খাবার বা পানি খেয়েছেন, এবং আপনার কোনও অ্যালার্জি আছে কি না — আপনার কাছ থেকে এগুলো জানতে চাওয়া হবে। সব হাসপাতালেই এসব যাচাই করা হয় এবং এগুলো রোগীর নিরাপত্তার জন্য জরুরী।

## অ্যানেস্থেটিক শুরু করা

অ্যানেস্থেটিক রুমে বা অপারেশন থিয়েটারে আপনার অ্যানেস্থেটিক শুরু করা হতে পারে। আপনার অ্যানেস্থেটিস্ট একজন প্রশিক্ষণপ্রাপ্ত সহকারীর সাথে কাজ করবেন। অ্যানেস্থেটিস্ট বা সহকারী আপনার হৃৎপিণ্ডের গতি, রক্তচাপ এবং অক্সিজেনের মাত্রা পরীক্ষা করার জন্য আপনার শরীরে বিভিন্ন যন্ত্র যুক্ত করবেন।

আপনার হাত বা বাহুর পেছনের রক্তনালীতে একটি ক্যানুলা প্রবেশ করানো হবে। এটি সার্জারির সময় ও পরে অ্যানেস্থেটিক এবং অন্যান্য প্রয়োজনীয় ওষুধ দিতে ব্যবহার করা হবে। ক্যানুলা ঢোকানো নিয়ে ভয় থাকলে ঐ স্থানটি অসাড় করার জন্য আপনাকে একটি লোকাল অ্যানেস্থেটিক ক্রিম লাগাতে দেওয়া হতে পারে।

## অপারেশন চলাকালীন

আপনার অ্যানেস্থেটিস্ট পুরো অপারেশনজুড়ে আপনার সাথে থাকবেন এবং আপনার অবস্থা সতর্কভাবে পর্যবেক্ষণ করবেন, এবং প্রয়োজন অনুযায়ী আপনার অ্যানেস্থেটিকের মাত্রার সমন্বয় করবেন। আপনি জেগে থাকলে বা আপনাকে সিডেশন দেওয়া হলে আপনাকে স্বস্তি দিতে এবং শান্ত অনুভব করাতে অ্যানেস্থেটিস্ট আপনার সাথে কথা বলবেন।

## রক্ত পরিসঞ্চালন এবং বিকল্পসমূহ

কিছু অপারেশন চলাকালীন কিংবা পরবর্তীতে আপনি যথেষ্ট পরিমাণে রক্ত হারাতে পারেন।

প্রয়োজনে, আপনার শরীর থেকে বের হয়ে যাওয়া রক্ত প্রতিস্থাপনের জন্য রক্ত পরিসঞ্চালন করা হতে পারে।

রক্ত পরিসঞ্চালন এবং অন্যান্য বিকল্প সম্পর্কে জানতে চাইলে অনুগ্রহ করে আপনার সার্জন বা অ্যানেস্থেটিস্টের সাথে আলোচনা করুন। এনএইচএস-এর ওয়েবসাইটেও আপনি এ ব্যাপারে আরও তথ্য পাবেন : www.nhs.uk/conditions/blood-transfusion

## অপারেশনের পরে

- আপনাকে একটি রিকভারি রুমে নিয়ে যাওয়া হবে। এটি অপারেশন থিয়েটারের নিকটে একটি বিশেষ ওয়ার্ড যেখানে আপনার অ্যানেস্থেটিকের ঘোর কেটে যাওয়ার সময় আপনাকে কাছ থেকে পর্যবেক্ষণ করা হবে।
- রিকভারি রুমে একজন পেশাদার স্বাস্থ্যকর্মী ব্যক্তিগতভাবে আপনার পরিচর্যায় নিয়োজিত থাকবেন। ঐ রুমে অন্য রোগীরাও থাকবেন।
- আপনার হৃৎপিণ্ডের গতি, রক্তচাপ, অক্সিজেনের মাত্রা সতর্কভাবে পর্যবেক্ষণ করা হবে। আপনাকে সাধারণত একটি হালকা প্লাস্টিকের ফেস-মাস্কের মাধ্যমে অক্সিজেন দেওয়া হবে।
- আপনাকে ক্যানুলার মাধ্যমে ড্রিপ দেওয়া হতে পারে।
- আপনার ব্যথা হলে বা বমি আসলে সাথে সাথে আপনাকে চিকিৎসা দেওয়া হবে।
- আপনাকে কিছু পান করতে দেওয়া হতে পারে।
- রিকভারি রুমের কর্মীরা যখন নিশ্চিত হবেন যে আপনি অ্যানেস্থেটিকের প্রভাব নিরাপদে কাটিয়ে উঠেছেন, তখন আপনাকে ওয়ার্ডে নিয়ে যাওয়া হবে।

## ব্যথা থেকে মুক্তি

সাধারণত নিতম্ব বা হাঁটু প্রতিস্থাপনে অ্যানেস্থেটিক দেওয়ার উদ্দেশ্য হলো অপারেশনের পরে আপনার ব্যথা যথাসম্ভব কমানো, তবে এটি মনে রাখতে হবে যে ব্যথা আরোগ্যলাভের একটি স্বাভাবিক অংশ। অপারেশনের পর ব্যথা উপশমের উদ্দেশ্য হলো ব্যথাকে সহনীয় স্তরে রাখা এবং শোয়া অবস্থা থেকে উঠে আপনার নতুন জয়েন্ট বা অস্থিসন্ধি ব্যবহার করতে সাহায্য করা। ব্যথা সম্পূর্ণ দূর করা সম্ভব নয় এবং কিছুটা ব্যথা রয়ে যাবে — এর জন্য মানসিকভাবে প্রস্তুত থাকা উচিত।

ব্যথানাশক প্রয়োগের কয়েকটি পদ্ধতি:

### গিলে খাওয়ার বড়ি, ট্যাবলেট অথবা তরল ওষুধ

নিতম্ব এবং হাঁটু প্রতিস্থাপনের পরে ব্যথা উপশমের জন্য এটি সবচেয়ে বেশি ব্যবহৃত পদ্ধতি। অপারেশনের পর আপনাকে ওপিওয়েডযুক্ত ব্যথানাশক ওষুধ দেওয়া হতে পারে। এই ধরনের ওষুধ যত তাড়াতাড়ি সম্ভব কমানো ও বন্ধ করা অত্যন্ত জরুরি কারণ এগুলো বেশি দিন ব্যবহার করলে আপনার মারাত্মক ক্ষতি হতে পারে।

ফ্যাকাল্টি অব পেইন মেডিসিনের ওয়েবসাইটে ওপিওয়েড সম্পর্কে আরও পাওয়া যাবে : www.fpm.ac.uk/opioids-aware/information-patients

### ইনজেকশন

শিরায় ইনজেকশন খুব দ্রুত কাজ করে। পায়ে বা নিতম্বের পেশীতে ইনজেকশন বেশ ধীরে কাজ করে। মরফিন, পেথিডিন বা কোডেইনের মতো শক্তিশালী ব্যথানাশক ওষুধ দেওয়া হতে পারে।

## বাড়ি যাওয়া এবং কখন সাহায্য চাইতে হবে

অপারেশনের পরে আপনি কতটা দ্রুত সুস্থ হয়ে উঠছেন, আপনার স্বাস্থ্যের অবস্থা এবং আপনার অপারেশন ও অ্যানেস্থেটিকের ধরনের ওপর নির্ভর করবে আপনি কত দ্রুত বাড়ি যেতে পারবেন। কিছু হাসপাতালে অনেক রোগী অপারেশনের দিনেই বাড়ি ফিরে যেতে পারেন, আবার অনেকের ক্ষেত্রে অল্প কয়েকদিন হাসপাতালে অবস্থান করার দরকার হতে পারে। খাওয়া, পান করা এবং নড়াচড়া শুরু করতে পারলেই সাধারণত আপনি বাড়ি ফিরতে পারবেন। আপনাকে ছাড়ার আগে স্বাস্থ্যসেবা দলের সদস্যরা আপনার ব্যথা নিয়ন্ত্রণে আছে কি না এবং আপনি প্রস্রাব করতে পারছেন কি না নিশ্চিত হবেন।

সার্জারির পর আপনি গাড়ি চালাতে পারবেন না, তাই আপনাকে একটি ট্যাক্সির ব্যবস্থা করতে হবে অথবা অন্য কারও সাহায্য নিতে হবে।

কোন ব্যায়াম আপনাকে সুস্থ হতে সাহায্য করবে এবং কীভাবে আপনার ক্ষতের যত্ন নিতে হবে, আপনাকে ছেড়ে দেওয়ার আগেই এসব তথ্য জানানো হবে।

যে হাসপাতালে আপনার সার্জারি হয়েছে সেখানে কিংবা আপনার জিপির সাথে যখন অবশ্যই যোগাযোগ করবেন :

- আপনার তীব্র ব্যথা হলে অথবা ব্যথা বেড়ে গেলে
- আপনার সার্জারির স্থানে ব্যথা ও ফোলাভাব হলে
- বুকে ব্যথা অনুভব করলে বা শ্বাসকষ্ট হলে
- আপনি এমন কোনও বিষয় নিয়ে উদ্বিগ্ন থাকলে যা আপনাকে হাসপাতাল থেকে দেওয়া ডিসচার্জ পেপারে উল্লেখ করা নেই।

খুব অসুস্থ বোধ করলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার নিকটস্থ জরুরি বিভাগে যান।

### দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন : patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## rcoa.ac.uk

### ষষ্ঠ সংস্করণ, জুন ২০২৩

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2023 Royal College of Anaesthetists**
রোগীদের জন্য তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।